প্রথম আলো

তারিখ : 17 JAN 2016
পৃষ্ঠা : ১২ কলাম : ১

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কারিগরি শিক্ষা অধিদপ্তর**
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.১৭.০০২.১৪.২২৭ তারিখ : ১২/০১/২০১৬ খ্রি :

## বেসরকারি কারিগরি স্কুল/শিল্প বিদ্যালয়সমূহে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক ২০১৫-১৬ অর্থবছরে সাহায্য মঞ্জুরী বিজ্ঞপ্তি

বেসরকারি কারিগরি স্কুল/শিল্প বিদ্যালয়ের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়ন সাধন তথা কর্মমুখী ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলা, স্কুল থেকে ঝরে পড়া ও বয়স্ক বেকারদের হাতে-কলমে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক সাহায্য মঞ্জুরী প্রদান করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শাঃ৩/৫বি-১১/৭৮/৪১-শিক্ষা, তারিখ : ১৭/০৩/১৯৭৯ খ্রিঃ এর আলোকে কারিগরি স্কুল/শিল্প বিদ্যালয়ে কর্মরত শিক্ষক ও কর্মচারীকে মাসিক প্রতি ট্রেড একজন শিক্ষক ২০০/- টাকা, ক্লার্ক একজন ১০০/- টাকা এবং অফিস সহায়ক একজন ৫০/- টাকা হারে অনুদান প্রদানের বিধান রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে নির্ধারিত আবেদন ফরম www.techedu.gov.bd ওয়েবসাইট অথবা আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে জমাদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। ইতঃপূর্বে সাহায্যপ্রাপ্ত প্রতিষ্ঠানকেও আবেদন করতে হবে। এ বিজ্ঞপ্তির শর্ত এবং উল্লিখিত তারিখের মধ্যে আবেদন করতে ব্যর্থ হলে সাহায্য মঞ্জুরী বিবেচনা করা হবে না।

**আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ৩১/০১/২০১৬ খ্রিঃ।**

**মঞ্জুরী প্রাপ্তির যোগ্যতা :** প্রতিষ্ঠানসমূহ স্ব-উদ্যোগে স্থাপিত ও মহিলা বিষয়ক অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর/যুব উন্নয়ন অধিদপ্তর/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/অন্যান্য সরকারি সংস্থা কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশন বা অনুমোদনপ্রাপ্ত হতে হবে।

**কর্মমুখী শিক্ষা/ট্রেড কোর্সসমূহের নাম :** (১) সেলাই, (২) কুটির শিল্প, (৩) নকশী কাঁথা, (৪) এমব্রয়ডারী, (৫) বাটিক, (৬) পাটের কাজ, (৭) মৃৎশিল্প, (৮) উল নেটিং, (৯) রেডিও টিভি মেরামত, (১০) রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং মেরামত, (১১) মেশিনিং, (১২) মটর ড্রাইভিং (১৩) ইলেকট্রিক্যাল ওয়ার্কস, (১৪) ওয়েল্ডিং, (১৫) টাইপিং, (১৬) কার্পেন্ট্রি, (১৭) কম্পিউটার অপারেশন, (১৮) অটো মোবাইল, (১৯) ফার্ম মেশিনারী, (২০) প্যারামেডিক্যাল এবং (২১) বাঁশ ও বেতের কাজ অথবা স্থানীয় চাহিদা মোতাবেক যে কোন ট্রেড।

**আবেদন ফরম প্রাপ্তি ও জমাদানের স্থান :**

| | |
|---|---|
| **(ঢাকা অঞ্চল)**<br>০১। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা।<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>এফ-৪/বি, ৪র্থ তলা, কক্ষ নং-৪২১, ঢাকা<br>ফোন : ০২-৮১৮১২৩১ | **(চট্টগ্রাম অঞ্চল)**<br>০২। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, চট্টগ্রাম অঞ্চল,<br>রামমালা, কুমিল্লা<br>ফোন : ০৮১-৭৬০৪৪, মোবা : ০১৯৭১৩৩৩৮৮৮ |
| **(রাজশাহী অঞ্চল)**<br>০৩। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রাজশাহী অঞ্চল<br>ধুনট মোড়, শেরপুর, বগুড়া<br>ফোন : ০৫০২৯৭৭২০৮, মোবা : ০১৮১৬৭৫৫৪৮২ | **(খুলনা অঞ্চল)**<br>০৪। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা<br>পো : জিপিও, বৈকালী, খুলনা<br>ফোন : ০৪১-৭৬২২৩০, মোবা : ০১৭১২২২৮৬৮২ |
| **(বরিশাল অঞ্চল)**<br>০৫। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বরিশাল অঞ্চল<br>(বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট, বরিশাল)<br>ফোন : ০৪৩১-৬৪৬৮৪, মোবা : ০১৭১৮৩৫৩৭৪৫ | **(সিলেট অঞ্চল)**<br>০৬। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট অঞ্চল<br>বড়ই কান্দি, টেকনিক্যাল রোড, সিলেট<br>ফোন : ০৮২১-৭১৬৩৭২, মোবা : ০১৭৩১৮১৯২২৪ |
| **(ময়মনসিংহ অঞ্চল)**<br>০৭। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল<br>(ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট, ময়মনসিংহ)<br>ফোন : ০৯১-৫৪২৯৪ | **(রংপুর অঞ্চল)**<br>০৮। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রংপুর অঞ্চল<br>জুম্মাপাড়া, রংপুর<br>(রংপুর পলিটেকনিক ইনস্টিটিউটের সন্নিকটে)<br>ফোন : ০৫২১-৬৩৫১৩, মোবা : ০১৭১৫৪৪১৮৫০ |
| ডিজি-৪৪/১৬ (৯"×৩) | **(মোহাঃ বাবর আলী)**<br>পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও<br>রুটিন দায়িত্ব পরিচালক (ভোকেশনাল) |